গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
মোহনগঞ্জ, নেত্রকোণা

স্মারক নংঃ৩২.০১.৭২৬৩.০০০.২৫.০০২.২১.৪৪ তারিখঃ ২৭/০২/২০২৫খ্রিঃ

# প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে এপ্রিল/২০২৫ খ্রিঃ হতে জুন/২০২৫ খ্রিঃ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী দর্জি বিজ্ঞান/সেলাই (WTC) প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী মহিলাদের কাছ থেকে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হতে সংগৃহীত নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগামী ০২/০৩/২০২৫ খ্রিঃ হতে ১৩/০৩/২০২৫খ্রিঃ পর্যন্ত আবেদন ফরম অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে। উল্লেখিত তারিখের মধ্যে নিম্নলিখিত যোগ্যতাসম্পন্ন মহিলাদের আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জমা দিতে হবে। সাক্ষাৎকার গ্রহণের সময় দাখিলকৃত সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।

- সাক্ষাৎকারের তারিখ পরবর্তীতে নোটিশের মাধ্যমে জানিয়ে দেওয়া

**আবেদনের শর্তাবলীঃ**

**০১.প্রার্থীর বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে।**
**০২.পূর্বে প্রশিক্ষণপ্রাপ্ত হলে/অধ্যয়নরত ছাত্রী/অন্তসত্ত্বা মহিলাদের আবেদন করার প্রয়োজন নেই।**
**০৩.আবেদন স্বহস্তে পূরণপূর্বক স্বাক্ষরকরতেহবে।**
**০৪.বিধবা, স্বামীপরিত্যক্তা, প্রকৃত দুঃস্থ, অসহায় মহিলাদের অগ্রাধিকার দেওয়া হবে।**
**০৫.শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণি।**
**আবেদনের সঙ্গে যা যুক্ত করতে হবেঃ**
**০১.ভোটার আইডির সত্যায়িত ফটোকপি।**
**০২.পাসপোর্ট সাইজছবি ০২ (দুই) কপি।**
**০৩.সকল সনদের সত্যায়িত ফটোকপি।**

27.02.25

মোঃ আব্দুর রৌফ সরকার)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অঃ দাঃ)
মোহনগঞ্জ, নেত্রকোণা।

স্মারকনংঃ৩২.০১.৭২৬৩.০০০.২৫.০০২.২১.৪৪ তারিখঃ ২৭/০২/২০২৫খ্রিঃ

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**
০১.উপজেলা নির্বাহী অফিসার মোহনগঞ্জ,নেত্রকোণা।
০২.উপ পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নেত্রকোণা।
০৩.উপজেলা হিসাবরক্ষণঅফিসার, মোহনগঞ্জ,নেত্রকোণা।
০৪.উপজেলা যুব উন্নয়ন/সমাজসেবা অফিসার, মোহনগঞ্জ,নেত্রকোণা।
০৫.অফিস কপি।